সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
রেভিনিউ এন্ড এমআইএস শাখা
sgcl.gov.bd
২১৮, এম.এ. বারী সড়ক, সোনাডাঙ্গা, খুলনা।

জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার

জাতীয় সম্পদ গ্যাসের অপচয় রোধ করে জাতীয় দায়িত্ব পালন করুন

স্মারক নম্বর: ২৮.২১.০০০০.০০০.১৫৩.৪৬.০০০১.২০.১৮৬

তারিখ: ৩০ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
১৫ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: ভোলা হতে এলএনজি আকারে গ্যাস নির্বাচিত উদ্যোক্তা প্রতিষ্ঠানের মাধ্যমে নদীপথে পরিবহন করে সরাসরি তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি-এর অধিক্ষেত্রাধীন শিল্প প্রতিষ্ঠানে সরবরাহের লক্ষ্যে গ্রাহক পর্যায়ে বিদ্যমান মূল্যহারের প্রজ্ঞাপন সংশোধনপূর্বক মূল্যহার অনুমোদন।**

সূত্র: ১.জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের পত্র নম্বর: ২৮.০০.০০০০.০০০.০৩৪.২৯.০০২১.২২.২৭৪, তারিখ: ০৪ নভেম্বর ২০২৫।
২. জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের পত্র নম্বর: ২৮.০০.০০০০.০০০.০৩৪.২৯.০০২১.২২.২৭৫, তারিখ: ১১ নভেম্বর ২০২৫।
৩. পেট্রোবাংলার স্মারক নম্বর: ২৮.০২.০০০০.০০০.০২৬.১.০০০১.১৭.৩৬; তারিখ: ১৩ নভেম্বর ২০২৫

মহোদয়,

বর্তমান বৈশ্বিক জ্বালানি পরিস্থিতিতে দেশে বিদ্যুৎসহ শিল্প কারখানায় গ্যাসের সংকট নিরসনকল্পে ভোলা এলাকার উদ্বৃত্ত গ্যাসের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে এবং গ্যাসের ঘাটতি রয়েছে এমন এলাকার শিল্প কারখানায় গ্যাস সরবরাহ নিশ্চিতকরণে সুন্দরবন গ্যাস কোম্পানি লিমিটেড (এসজিসিএল)-এর তত্ত্বাবধানে ইন্ট্রাকো রিফুয়েলিং স্টেশন লিমিটেডের মাধ্যমে গ্যাস কম্প্রেসড করে পরিবহনের মাধ্যমে তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসিএর অধিক্ষেত্রাধীন এলাকার শিল্প প্রতিষ্ঠানে গ্যাস সরবরাহ করা হচ্ছে। এক্ষেত্রে ভোলা জেলায় আবিষ্কৃত ০৩ (তিন) টি গ্যাস ক্ষেত্রের মধ্যে বর্তমানে শুধুমাত্র শাহবাজপুর গ্যাস ক্ষেত্র হতে গ্যাস সরবরাহ করা হচ্ছে। উক্ত গ্যাসক্ষেত্রের দৈনিক গ্যাস উৎপাদন ক্ষমতা ১২০ মিলিয়ন ঘনফুট। বর্তমানে স্থানীয় পর্যায়ে বিদ্যুৎ, শিল্প, আবাসিক ইত্যাদি শ্রেণিতে গ্যাসের প্রকৃত ব্যবহার দৈনিক গড়ে ৭৩-৭৪ মিলিয়ন ঘনফুট যার সাথে প্রতিশ্রুত, মঞ্জুরীপত্র প্রদানকৃত ও নতুন আবেদিত শিল্প ও ক্যাপটিভ শ্রেণির গ্রাহকের লোড বিবেচনায় নিয়ে লোড দাড়ায় দৈনিক গড়ে ৯০ মিলিয়ন ঘনফুট। অবশিষ্ট সরবরাহযোগ্য উদ্বৃত্ত গ্যাসের পরিমাণ দৈনিক ৩০ মিলিয়ন ঘনফুট। অপরদিকে, ঢাকা ও সংলগ্ন অঞ্চলে তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি-এর অধিক্ষেত্রাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহ গ্যাস সংকটে ভুগছে। এ প্রেক্ষিতে, সরকার ভোলার শাহবাজপুর গ্যাসক্ষেত্রের উদ্বৃত্ত গ্যাস নির্বাচিত উদ্যোক্তা প্রতিষ্ঠানের মাধ্যমে এলএনজি আকারে নদীপথে পরিবহনপূর্বক সরাসরি তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি-এর আওতাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহে সরবরাহের পরিকল্পনা গ্রহণ করেছে।

০২। এ প্রেক্ষিতে, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ২২ অক্টোবর ২০২৫ তারিখে অনুষ্ঠিত ভোলা হতে এলএনজি আকারে গ্যাস নদীপথে পরিবহন করে সরাসরি তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি-এর অধিক্ষেত্রাধীন শিল্প প্রতিষ্ঠানে সরবরাহে আগ্রহী প্রতিষ্ঠানসমূহের সাথে মতবিনিময় সভার ক্রমিক নম্বর ৬ এ নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়- (সংযুক্তি-০১)

গত ০৮ মে ২০২৩ খ্রি. তারিখে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনের (এস. আর. ও. নম্বর ৯৭-আইন/২০২৩) নিম্নলিখিত বিষয়সমূহ সংশোধনের জন্য অনুরোধ করা যেতে পারে:

"৬.১ 'ভোলার নন-পাইপ গ্যাস' গ্রাহক উপশ্রেণির জন্য বিইআরসি কর্তৃক নির্ধারিত মূল্য (প্রতি ঘনমিটার ৪৭.৫০ টাকা)-কে মূল্যের উর্ধ্বসীমা (ceiling) হিসাবে বিবেচনা করা; এবং

৬.২ 'শিল্প' ও 'ক্যাপটিভ বিদ্যুৎ' গ্রাহক শ্রেণির আওতায় সৃজিত 'ভোলার নন-পাইপ গ্যাস' উপশ্রেণির ক্ষেত্রে ১ (গ) অনুচ্ছেদে উল্লিখিত 'কমপ্রেশন চার্জ' ও 'ডি-প্রেসারাইজেশন চার্জ' শব্দদ্বয় যথাক্রমে 'কমপ্রেশন/লিক্যুইফ্যাকশন চার্জ' ও 'ডিপ্রেসারাইজেশন/রিগ্যাসিফেকেশন চার্জ' শব্দদ্বয় দ্বারা প্রতিস্থাপন করা।"

০৩। তৎপ্রেক্ষিতে উপর্যুক্ত সূত্রোক্ত ২ (দুই) নম্বর পত্রের মাধ্যমে ভোলা হতে এলএনজি আকারে গ্যাস নদীপথে পরিবহন করে সরাসরি তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি-এর অধিক্ষেত্রাধীন শিল্প প্রতিষ্ঠানে সরবরাহে আগ্রহী প্রতিষ্ঠানসমূহের সাথে মতবিনিময় সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পেট্রোবাংলাকে অনুরোধ জানানো হয়েছে।(সংযুক্তি-০২)

০৪। ইতঃপূর্বে সিএনজি আকারে শিল্প প্রতিষ্ঠানে গ্যাস সরবরাহের ক্ষেত্রে শিল্প ও ক্যাপটিভ শ্রেণির আওতায় সৃজিত 'ভোলার নন-পাইপ গ্যাস' উপশ্রেণির জন্য 'বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩' এর ৩৪(ক) ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক গ্যাসের মূল্যহার নির্ধারণ করা হয়েছিল। পরবর্তীতে ২৭ আগস্ট ২০২৪ তারিখে প্রণীত বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪ (২০২৪ সালের ৭ নং অধ্যাদেশ) এর মাধ্যমে ৩৪(ক) ধারা বিলুপ্তির প্রেক্ষিতে ০৮ মে ২০২৩ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন সংশোধনের ক্ষমতা বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের। (সংযুক্তি-০৩)

০৫। এ অবস্থায়, গৃহীত সিদ্ধান্তের আলোকে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক ০৮ মে ২০২৩ তারিখে জারিকৃত প্রজ্ঞাপনের (এস. আর. ও. নম্বর: ৯৭-আইন/২০২৩) (সংযুক্তি-০৪)। বিষয়সমূহ নিম্নোক্তভাবে সংশোধনের জন্য অনুরোধ জানানো হলো:

উক্ত প্রজ্ঞাপনের (১)-এর (গ) পাদটীকা "*" এর পর নিম্নরূপ পাদটীকা "**" সন্নিবেশিত হবে, যথা:-

"** প্রতি ঘনমিটার গ্যাসের মূল্যহারের মধ্যে ফিড গ্যাসের মূল্য ১৭.৫০ টাকা এবং উদ্যোক্তা প্রতিষ্ঠানের চার্জ ২৯.৯০ টাকা (কম্প্রেসন/লিক্যুইফ্যাকশন চার্জ, পরিবহন চার্জ এবং ডিপ্রেসারাইজেশন/রিগ্যাসিফিকেশন চার্জ)।"

০৬। এছাড়াও, ভোলা হতে এলএনজি আকারে গ্যাস নির্বাচিত উদ্যোক্তা প্রতিষ্ঠানের মাধ্যমে নদীপথে পরিবহন করে সরাসরি তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি-এর অধিক্ষেত্রাধীন শিল্প প্রতিষ্ঠানে সরবরাহের ক্ষেত্রে 'ভোলার নন-পাইপ গ্যাস' গ্রাহক উপশ্রেণির জন্য নির্ধারিত মূল্য (প্রতি ঘনমিটার ৪৭.৫০ টাকা)-কে মূল্যের উর্ধ্বসীমা (ceilling) হিসাবে বিবেচনা করে মূল্যহার বণ্টন বিবরণী (সংযুক্তি-০৫) সদয় অনুমোদনের জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো।

ধন্যবাদান্তে,


১৫-১১-২০২৫
প্রকৌ. গৌতম চন্দ্র কুন্ডু
ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব)
০২৪৭৭৭২১২৯৯ (ফোন)
০২৪৭৭৭২৩২৫ (ফ্যাক্স)
md@sgcl.gov.bd


সচিব
সচিব-এর দপ্তর, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন।

**স্মারক নম্বর:** ২৮.২১.০০০০.০০০.১৫৩.৪৬.০০০১.২০.১৮৬/১ (৬)

তারিখ: ৩০ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
১৫ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন।
২। চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
৩। যুগ্মসচিব, উন্নয়ন-৩ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৪। পরিচালক (অর্থ), অর্থ পরিদপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
৫। উপ-পরিচালক, ট্যারিফ শাখা, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন।
৬। সহকারী ব্যবস্থাপক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড।

১৬-১১-২০২৫
স্বপন কুমার বিশ্বাস
উপ-মহাব্যবস্থাপক (অর্থ ও রাজস্ব)

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
রেভিনিউ এন্ড এমআইএস শাখা
sgcl.gov.bd
২১৮, এম.এ. বারী সড়ক, সোনাডাঙ্গা, খুলনা।

জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার

জাতীয় সম্পদ গ্যাসের অপচয় রোধ করে জাতীয় দায়িত্ব পালন করুন

স্মারক নম্বর: ২৮.২১.০০০০.০০০.১৫৩.৪৬.০০০১.২০.১৯৩

তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
০৮ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: ভোলা হতে এলএনজি আকারে গ্যাস নির্বাচিত উদ্যোক্তা প্রতিষ্ঠানের মাধ্যমে নদীপথে পরিবহন করে সরাসরি তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি-এর অধিক্ষেত্রাধীন শিল্প প্রতিষ্ঠানে সরবরাহের লক্ষ্যে গ্রাহক পর্যায়ে বিদ্যমান মূল্যহারের প্রজ্ঞাপন সংশোধনপূর্বক মূল্যহার নির্ধারণ সংক্রান্ত প্রেরিত প্রস্তাব এর সহিত বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (প্রাকৃতিক গ্যাস ট্যারিফ) প্রবিধানমালা, ২০১০ এর প্রবিধান ৩ ও ৫ মোতাবেক প্রয়োজনীয় তথ্যাদি প্রেরণ ।**

সূত্র: বিইআরসি এর পত্র নম্বর ২৮.০১.০০০০.০১২.১৪.০০৯.২৫.৫৯১৯, তারিখ ১৮ নভেম্বর ২০২৫

মহোদয়,

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল) এর অধিভুক্ত এলাকা ভোলা হতে এলএনজি আকারে গ্যাস নির্বাচিত উদ্যোক্তা প্রতিষ্ঠানের মাধ্যমে নদীপথে পরিবহন করে সরাসরি তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি-এর অধিক্ষেত্রাধীন শিল্প প্রতিষ্ঠানে সরবরাহের লক্ষ্যে গ্রাহক পর্যায়ে বিদ্যমান মূল্যহারের প্রজ্ঞাপন সংশোধনপূর্বক মূল্যহার নির্ধারণ সংক্রান্ত ইতোপূর্বে এসজিসিএল হতে প্রেরিত প্রস্তাব এর সহিত বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (প্রাকৃতিক গ্যাস ট্যারিফ) প্রবিধানমালা, ২০১০ এর প্রবিধান ৩ ও ৫ এর আলোকে প্রয়োজনীয় তথ্যাদি পরবতী প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণের নিমিত্ত এতদসঙ্গে সংযুক্তপূর্বক প্রেরণ করা হলো।

ধন্যবাদান্তে,

**সকল সংযুক্তিসমূহ:**

(১) সংযুক্তি-০২
(২) চেকের কপি
(৩) সংযুক্তি-০১
(৪) প্রবিধান ৩ ও ৫ মোতাবেক প্রয়োজনীয় তথ্যাদি
(৫) সংযুক্তি-০৩

০৮-১২-২০২৫
প্রকৌ. গৌতম চন্দ্র কুন্ডু
ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব)
০২৪৭৭৭২১২৯৯ (ফোন)
০২৪৭৭৭২৩২৫ (ফ্যাক্স)
md@sgcl.gov.bd

সচিব
সচিব-এর দপ্তর, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন।

স্মারক নম্বর: ২৮.২১.০০০০.০০০.১৫৩.৪৬.০০০১.২০.১৯৩/১ (৯)

তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
০৮ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন।
২। চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
৩। যুগ্মসচিব, উন্নয়ন-৩ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৪। পরিচালক (অর্থ), অর্থ পরিদপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
৫। মহাব্যবস্থাপক (হিসাব), হিসাব বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
৬। ব্যবস্থাপক, ব্যবস্থাপনা হিসাব ডিপার্টমেন্ট, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
৭। উপ-পরিচালক, ট্যারিফ শাখা, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন।
৮। উপ-মহাব্যবস্থাপক (অর্থ ও রাজস্ব), অর্থ ও রাজস্ব ডিপার্টমেন্ট, সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড।
৯। সহকারী ব্যবস্থাপক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড।

০৮-১২-২০২৫
স্বপন কুমার বিশ্বাস
উপ-মহাব্যবস্থাপক (অর্থ ও রাজস্ব)

# সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)

**(পেট্রোবাংলার একটি কোম্পানী)**

**২১৮, এম এ বারী সড়ক, সোনাডাঙ্গা, খুলনা-৯১০০।**

**বিষয়: বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (প্রাকৃতিক গ্যাস বিতরণ ট্যারিফ) প্রবিধানমালা, ২০১০ এর প্রবিধান ৩ অনুযায়ী আবেদন ফি ও প্রবিধান ৫-এর চাহিদাকৃত তথ্যাদির তালিকা:**

**প্রবিধান-৩ (২) অনুযায়ী:**

আই এফ আই সি ব্যাংক

আবেদন ফি বাবদ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা, চেক নং-CAL18221[illegible] তারিখ: ০৭.১২.২৫ খ্রি. ~~ইউসিবি~~, কাওরান বাজার শাখা, ঢাকা।

**প্রবিধান-৫ অনুযায়ী:**

(ক) অব্যবহিত বিগত ০৩(তিন) বৎসরের কালানুক্রমিক বর্ণনাসহ প্রস্তাবিত ট্যারিফের সার সংক্ষেপ;

(খ) ট্যারিফ পরিবর্তনের প্রস্তাবের যৌক্তিকতা;

(গ) প্রস্তাবিত ট্যারিফ নির্ধারণে গৃহীত পদ্ধতির বিস্তারিত বিবরণ;

(ঘ) ট্যারিফ পরিবর্তনের ফলে প্রভাবিত হইতে পারে এইরূপ ব্যক্তি ও প্রতিষ্ঠানের সহিত আবেদনকারীর বর্তমান সম্পর্ক এবং প্রস্তাবিত পরিবর্তনের পর কিরূপ সম্পর্কের উদ্ভব হইতে পারে উহা উল্লেখপূর্বক উক্ত ব্যক্তিবর্গ ও প্রতিষ্ঠানসমূহের একটি তালিকা;

(ঙ) ট্যারিফ পরিবর্তন ঘোষণা সংক্রান্ত খসড়া বিজ্ঞপ্তির একটি অনুলিপি;

(চ) অব্যবহিত বিগত ০৩(তিন) বৎসরের নিরীক্ষিত বাৎসরিক হিসাবে বিবরণী, তবে সদ্যসমাপ্ত অর্থ বৎসরের হিসাব নিরীক্ষিত না হইলে সংস্থা প্রধান কর্তৃক সত্যায়িত হিসাব বিবরণী;

(ছ) প্রস্তাব পেশকালীন চলতি বৎসরের সাময়িক হিসাব বিবরণী;

(জ) বর্তমান আর্থিক অবস্থা এবং প্রস্তাবিত ট্যারিফ পরিবর্তনের ফলে ভবিষ্যৎ আর্থিক অবস্থার তুলনামূলক বিবরণী;

(ঝ) ট্যারিফ পরিবর্তনের প্রস্তাব অনুমোদিত না হইলে সম্ভাব্য আর্থিক প্রভাবের বিস্তারিত বিবরণ;

(ঞ) প্রস্তাবিত ট্যারিফ আবেদনকালের পরবর্তী বৎসরের আর্থিক প্রাক্কলন;

(ট) অব্যবহিত বিগত ০৩(তিন) বৎসরের সিস্টেম লস (System Loss) এর বিবরণী; এবং

(ঠ) সেবার বিস্তারিত শর্তাবলীসহ, আবেদনকারীর মতে প্রস্তাব মূল্যায়নে সহায়ক হইতে পারে এইরূপ অন্য যে কোন তথ্য;

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
২১৮, এম এ বারী সড়ক, সোনাডাঙ্গা, খুলনা-৯১০০।

**প্রবিধানমালা অনু-৫কে) অনুযায়ী বিগত ৩ বছরের ট্যারিফ সারসংক্ষেপ:**

(প্রতি ঘনমিটার/টাকা)

| গ্রাহক শ্রেণী | বিগত ৩ বছরের ট্যারিফ সারসংক্ষেপ | | | | |
|---|---|---|---|---|---|
| | ১ জুন, ২০২২ হতে | ১ ফেব্রুয়ারি, ২০২৩ হতে | ১ ফেব্রুয়ারি, ২০২৪ হতে | ১ মে, ২০২৪ হতে | ১৩ এপ্রিল-২০২৫ হতে |
| ১। বিদ্যুৎ(সরকারি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র, আইপিপি ও রেন্টাল) | ৫.০২ | ১৪.০০ | ১৪.৭৫ | ১৫.৫০ | ১৫.৫০ |
| ২। ক্যাপটিভ পাওয়ার প্লান্ট, এসপিপি ও বাণিজ্যিক বিদ্যুৎ কেন্দ্র | ১৬.০০ | ৩০.০০ | ৩০.৭৫ | ৩১.৫০ | নতুন গ্রাহক ৪২.০০, প্রতিশ্রুত গ্রাহক ৫০% লোডের ৫০% পর্যন্ত ৩১.৫০ এবং ৫০%-এর উর্ধ্বে ব্যবহার ৪২.০০, বিদ্যমান গ্রাহক অনুমোদিত লোড পর্যন্ত ৩১.৫০, লোডের উর্ধ্বে ৪২.০০ টাকা। |
| ৩। সার | ১৬.০০ | ১৬.০০ | ১৬.০০ | ১৬.০০ | ১৬.০০ |
| ৪। শিল্প | | | ৩০.০০ | ৩০.০০ | নতুন গ্রাহক ৪০.০০, প্রতিশ্রুত গ্রাহক ৫০% লোডের ৫০% পর্যন্ত ৩০.০০ এবং ৫০%-এর উর্ধ্বে ব্যবহার ৪০.০০, বিদ্যমান গ্রাহক অনুমোদিত লোড পর্যন্ত ৩০.০০, লোডের উর্ধ্বে ৪০.০০ টাকা। |
| ক) বৃহৎ শিল্প | ১১.৯৮ | ৩০.০০ | | | |
| খ) মাঝারি শিল্প | ১১.৭৮ | ৩০.০০ | | | |
| গ) ক্ষুদ্র, কুটির ও অন্যান্য | ১০.৭৮ | ৩০.০০ | | | |
| ৫। চা শিল্প(চা বাগান) | ১১.৯৩ | ১১.৯৩ | ১১.৯৩ | ১১.৯৩ | ১১.৯৩ |
| ৬। ক)বাণিজ্যিক(হোটেল এন্ড রেস্টুরেন্ট ও অন্যান্য | ২৬.৬৪ | ৩০.৫০ | ৩০.৫০ | ৩০.৫০ | ৩০.৫০ |
| খ) বাণিজ্যিক(ক্ষুদ্র ও কুটির শিল্প) | ১০.৭৮ | - | - | - | - |
| ৭। সিএনজি ফিড গ্যাস | ৪৩.০০ | ৪৩.০০ | ৪৩.০০ | ৪৩.০০ | ৪৩.০০ |
| ৮। গৃহস্থালি | ১৮.০০ | ১৮.০০ | ১৮.০০ | ১৮.০০ | ১৮.০০ |

**সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)**
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
২১৮, এম এ বারী সড়ক, সোনাডাঙ্গা, খুলনা-৯১০০।

**প্রবিধানমালা ৫(খ): ট্যারিফ পরিবর্তন প্রস্তাবের যৌক্তিকতা:**

বর্তমান বৈশ্বিক জ্বালানি পরিস্থিতিতে দেশে বিদ্যুৎসহ শিল্প কারখানায় গ্যাসের সংকট নিরসনকল্পে ভোলা এলাকার উদ্বৃত্ত গ্যাসের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে এবং গ্যাসের ঘাটতি রয়েছে এমন এলাকার শিল্প কারখানায় গ্যাস সরবরাহ নিশ্চিতকরণে সুন্দরবন গ্যাস কোম্পানি লিমিটেড (এসজিসিএল)-এর তত্ত্বাবধানে ইন্ট্রাকো রিফুয়েলিং স্টেশন লিমিটেডের মাধ্যমে গ্যাস কম্প্রেসড করে পরিবহনের মাধ্যমে তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসিএর অধিক্ষেত্রাধীন এলাকার শিল্প প্রতিষ্ঠানে গ্যাস সরবরাহ করা হচ্ছে। এক্ষেত্রে ভোলা জেলায় আবিষ্কৃত ০৩(তিন) টি গ্যাস ক্ষেত্রের মধ্যে বর্তমানে শুধুমাত্র শাহবাজপুর গ্যাস ক্ষেত্র হতে গ্যাস সরবরাহ করা হচ্ছে। উক্ত গ্যাসক্ষেত্রের দৈনিক গ্যাস উৎপাদন ক্ষমতা ১২০ মিলিয়ন ঘনফুট। স্থানীয় পর্যায়ে বিদ্যুৎ, শিল্প, আবাসিক ইত্যাদি শ্রেণিতে গ্যাসের প্রকৃত ব্যবহার দৈনিক গড়ে ৯০ মিলিয়ন ঘনফুট। অবশিষ্ট সরবরাহযোগ্য উদ্বৃত্ত গ্যাসের পরিমাণ দৈনিক ৩০ মিলিয়ন ঘনফুট। অপরদিকে, ঢাকা ও সংলগ্ন অঞ্চলে তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি-এর অধিক্ষেত্রাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহ গ্যাস সংকটে ভুগছে। এ প্রেক্ষিতে, সরকার ভোলার শাহবাজপুর গ্যাসক্ষেত্রের উদ্বৃত্ত গ্যাস নির্বাচিত উদ্যোক্তা প্রতিষ্ঠানের মাধ্যমে এলএনজি আকারে নদীপথে পরিবহনপূর্বক সরাসরি তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি-এর আওতাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহে সরবরাহের পরিকল্পনা গ্রহণ করেছে। ভোলা হতে এলএনজি আকারে গ্যাস নদীপথে পরিবহন করে সুন্দরবন গ্যাস কোম্পানি লিমিটেড (এসজিসিএল)-এর তত্ত্বাবধানে সরাসরি তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি-এর অধিক্ষেত্রাধীন শিল্প প্রতিষ্ঠানে সরবরাহের ক্ষেত্রে 'ভোলার নন-পাইপ গ্যাস' গ্রাহক উপশ্রেণির জন্য মূল্যহার নির্ধারণের জন্য প্রস্তাব করা হয়েছে।

**সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)**
**(পেট্রোবাংলার একটি কোম্পানী)**
**২১৮, এম এ বারী সড়ক, সোনাডাঙ্গা, খুলনা-৯১০০।**

**প্রবিধানমালা ৫(গ) প্রস্তাবিত ট্যারিফ নির্ধারণে গৃহিত পদ্ধতির বিস্তারিত বিবরণ:**

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড এর অধিকারভুক্ত এলাকা ভোলার শাহবাজপুর গ্যাসক্ষেত্রের উদ্বৃত্ত গ্যাস নির্বাচিত উদ্যোক্তা প্রতিষ্ঠানের মাধ্যমে এলএনজি আকারে নদীপথে পরিবহনপূর্বক সরাসরি তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি-এর আওতাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহে সরবরাহের ক্ষেত্রে 'ভোলার নন-পাইপ গ্যাস' গ্রাহক উপশ্রেণির জন্য মূল্যহার নির্ধারণের জন্য প্রস্তাবিত ট্যারিফ নির্ধারণে গৃহিত পদ্ধতির বিস্তারিত বিবরণ **(সংযুক্তি-০১)** এর মাধ্যমে প্রদান করা হলোঃ

**সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)**
**(পেট্রোবাংলার একটি কোম্পানী)**
**২১৮, এম এ বারী সড়ক, সোনাডাঙ্গা, খুলনা-৯১০০।**

**প্রবিধানমালা ৫(ঘ) ট্যারিফ পরিবর্তনের ফলে প্রভাবিত হতে পারে এরূপ ব্যক্তি ও প্রতিষ্ঠানের সাথে আবেদনকারীর বর্তমান সম্পর্ক এবং প্রস্তাবিত পরিবর্তনের পর কিরূপ সম্পর্কের উদ্ভব হতে পারে উহা উল্লেখপূর্বক উক্ত ব্যক্তিবর্গ ও প্রতিষ্ঠানসমূহের তালিকা:**

১। ট্যারিফ পরিবর্তনের ফলে যে সকল গ্রাহক প্রভাবিত হতে পারে তাদের সাথে আবেদনকারীর বর্তমান সম্পর্ক নিম্নরূপ:

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড ২৩/১১/২০০৯ তারিখে কোম্পানী হিসেবে নিবন্ধিত হয়। গঠন পরবর্তী এপ্রিল,২০১৩ পর্যন্ত কোম্পানির কোন অপারেশনাল কার্যক্রম ছিল না। পেট্রোবাংলা হতে ঋণ গ্রহণের মাধ্যমে উক্ত সময়ে অত্র কোম্পানির বিভিন্ন দৈনন্দিন ব্যয় নির্বাহ করা হয়েছে। বাপেক্স এর নিকট হতে ভোলা সঞ্চালন ও বিতরণ নেটওয়ার্ক হস্তান্তর গ্রহণের মাধ্যমে মে,২০১৩ হতে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড এর অপারেশনাল কার্যক্রম শুরু হয়। বর্তমানে অত্র কোম্পানির ভোলা ও কুষ্টিয়া জেলায় গ্যাস সরবরাহ জনিত কার্যত্রম চলমান রয়েছে। বর্তমানে ভোলা ও কুষ্টিয়া জেলায় অত্র কোম্পানির ০৪ টি বিদ্যুৎ, ০৯ টি শিল্প, ০৩ টি ক্যাপটিভ, ০২ টি বাণিজ্যিক, ০১ টি নন পাইপ শিল্প, ০১ টি নন পাইপ ক্যাপটিভ ও ২৩৭৫ টি আবাসিক শ্রেণির গ্রাহক রয়েছে।

২। প্রস্তাবিত ট্যারিফ পরিবর্তনের ফলে নিম্নরূপ সম্পর্কের উদ্ভব হতে পারেঃ

| ক্রমিক নং | গ্রাহক শ্রেণী | মূল্যবৃদ্ধির প্রভাব | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | বিদ্যুৎ | বিদ্যুৎ গ্রাহকের গ্যাসের মূল্য বৃদ্ধির প্রস্তাব না থাকায় প্রভাব পড়বে না। | |
| ২ | ক্যাপটিভ পাওয়ার | ক্যাপটিভ পাওয়ার গ্রাহকের গ্যাসের মূল্য বৃদ্ধির প্রস্তাব না থাকায় প্রভাব পড়বে না। | |
| ৩ | সার | বর্তমানে কোন গ্রাহক না থাকায় সম্ভাব্য কোন প্রভাব নেই। | |
| ৪ | শিল্প | শিল্প গ্রাহকের গ্যাসের মূল্য বৃদ্ধির প্রস্তাব না থাকায় প্রভাব পড়বে না। | |
| ৫ | চা-বাগান | বর্তমানে কোন গ্রাহক না থাকায় সম্ভাব্য কোন প্রভাব নেই। | |
| ৬ | বাণিজ্যিক | বাণিজ্যিক গ্রাহকের গ্যাসের মূল্য বৃদ্ধির প্রস্তাব না থাকায় প্রভাব পড়বে না। | |
| ৭ | গৃহস্থালী | গৃহস্থালী গ্রাহকের গ্যাসের মূল্য বৃদ্ধির প্রস্তাব না থাকায় প্রভাব পড়বে না। | |

**সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)**

**(পেট্রোবাংলার একটি কোম্পানী)**

**২১৮, এম এ বারী সড়ক, সোনাডাঙ্গা, খুলনা-৯১০০।**

**<u>প্রবিধানমালা ৫(ঙ) ট্যারিফ পরিবর্তন ঘোষণা সংক্রান্ত খসড়া বিজ্ঞপ্তির একটি অনুলিপি:</u>**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন

আইইবি ভবন (৬ষ্ঠ ও ৭ম তলা), রমনা, ঢাকা-১২১৫।

সূত্র নং:.......

তারিখ:.........

গনবিজ্ঞপ্তি

১। বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২ (খ) ও ৩৪ এ প্রদত্ত ক্ষমতাবলে সুন্দরবন গ্যাস কোম্পানি লিমিটেড (এসজিসিএল)- এর অধিকারভুক্ত এলাকা ভোলা হতে এলএনজি আকারে গ্যাস নদীপথে পরিবহন করে সরাসরি তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি-এর অধিক্ষেত্রাধীন শিল্প প্রতিষ্ঠানে সরবরাহের লক্ষ্যে গ্রাহক পর্যায়ে মূল্যহার ৪৭.৫০ টাকা পুনর্নির্ধারণ করা হলো (সংযুক্তি-০২):

কমিশনের আদেশক্রমে,

সচিব

টেলিফোন:

**সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)**

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

২১৮, এম এ বারী সড়ক, সোনাডাঙ্গা, খুলনা-৯১০০।

**প্রবিধানমালা ৫(চ) অব্যবহিত বিগত ০৩(তিন) বৎসরের নিরীক্ষিত বাৎসরিক হিসাব বিবরণী, তবে সদ্যসমাপ্ত অর্থ বৎসরের হিসাব নিরীক্ষিত না হইলে সংস্থা প্রধান কর্তৃক সত্যায়িত হিসাব বিবরণী:**

১) বিগত তিন বছর ২০২২-২০২৩, ২০২৩-২০২৪ ও ২০২৪-২০২৫ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন (সংযুক্তি-০৩) :

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
২১৮, এম এ বারী সড়ক, সোনাডাঙ্গা, খুলনা-৯১০০।

<u>প্রবিধানমালা ৫(ছ)</u> প্রস্তাব পেশকালীন চলতি বৎসরের সাময়িক হিসাব বিবরণী:

**<u>প্রস্তাব পেশকালীন চলতি বছরের খসড়া সাময়িক হিসাব বিবরণী জুলাই ২০২৫ হতে নভেম্বর ২০২৫ (প্রাক্কলিত):</u>**

**Amount in lac Taka.**

| Sl. No. | Particulars | As per present tariff (Provisional) |
|---|---|---|
| 1. | Sales revenue | 93,822.750 |
| 2. | Other operating income | 8910.572 |
| 3. | Cost of sales | 88,693.21 |
| 4. | Administrative & other cost | 1,527.43 |
| **5.** | **Operating Profit (1+2-3-4)** | **12,512.68** |
| 6. | Interest & other income | 907.31 |
| **7.** | **Net profit before BPPF (5+6)** | **13,419.99** |
| 8. | Beneficiary profit participation fund | 671.00 |
| 9. | Provision for income tax {25% Tax on (7-8)} | 3,187.25 |
| **10.** | **Net profit after tax (7-8-9)** | **9,561.74** |

**সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)**
**(পেট্রোবাংলার একটি কোম্পানী)**
**২১৮, এম এ বারী সড়ক, সোনাডাঙ্গা, খুলনা-৯১০০।**

**প্রবিধানমালা ৫(জ) বর্তমান আর্থিক অবস্থা এবং প্রস্তাবিত ট্যারিফ পরিবর্তনের ফলে ভবিষ্যৎ আর্থিক অবস্থার তুলনামূলক বিবরণী:**

বর্তমানে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড এর অধিকারভুক্ত এলাকা ভোলার শাহবাজপুর গ্যাসক্ষেত্রের উদ্বৃত্ত গ্যাস নির্বাচিত উদ্যোক্তা প্রতিষ্ঠানের মাধ্যমে এলএনজি আকারে নদীপথে পরিবহনপূর্বক সরাসরি তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি-এর আওতাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহে সরবরাহের ক্ষেত্রে বর্তমানে এসজিসিএল এর ডিস্ট্রিবিউশন মার্জিন রয়েছে ০.১৫ টাকা/ঘনমিটার যা প্রস্তাবিত ট্যারিফ এ ০.২৪ টাকা/ঘনমিটার উন্নীত করা হলে প্রতি ঘনমিটারে ডিস্ট্রিবিউশন মার্জিন বৃদ্ধি পাবে (০.২৪-০.১৫)= ০.০৯ টাকা/ঘনমিটার। প্রস্তাবিত প্রাক্কলন অনুযায়ী গ্রাহককে গ্যাস সরবারহ করা হলে কোম্পানি প্রতিবছর অতিরিক্ত ডিস্ট্রিবিউশন মার্জিন বাবদ ০.০৯ টাকা/ঘনমিটার হারে বার্ষিক ৩০ মিলিয়ন ঘনফুট গ্যাসের জন্য ২.৭৯ কোটি টাকা রেভিনিউ বৃদ্ধি পাবে। এছাড়া প্রস্তাবিত ট্যারিফে এসজিসিএল এর সার্ভিস চার্জ বাবদ কোন মার্জিন না থাকায় ট্যারিফ পরিবর্তনের ফলে সার্ভিস চার্জ বাবদ কোন রেভিনিউ বৃদ্ধি পাবে না।

সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
২১৮, এম এ বারী সড়ক, সোনাডাঙ্গা, খুলনা-৯১০০।

**প্রবিধানমালা ৫(ঝ) ট্যারিফ পরিবর্তনের প্রস্তাব অনুমোদিত না হইলে সম্ভাব্য আর্থিক প্রভাবের বিস্তারিত বিবরণ:**

প্রস্তাবিত ট্যারিফ পরিবর্তনের প্রস্তাব অনুমোদিত না হলে প্রাক্কলিত হিসাব অনুযায়ী কোম্পানি ২.৭৯ কোটি টাকা রেভিনিউ থেকে বঞ্চিত হবে।

**সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)**
**(পেট্রোবাংলার একটি কোম্পানী)**
**২১৮, এম এ বারী সড়ক, সোনাডাঙ্গা, খুলনা-৯১০০।**

**<u>প্রবিধানমালা ৫(ঞ) প্রস্তাবিত ট্যারিফ আবেদনকালের পরবর্তী বৎসরের আর্থিক প্রাক্কলন:</u>**

প্রস্তাবিত ট্যারিফ বাস্তবায়িত হলে বর্তমানে সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড এর অধিকারভুক্ত এলাকা ভোলার শাহবাজপুর গ্যাসক্ষেত্রের উদ্বৃত্ত গ্যাস হতে বাৎসরিক ৩১০.০৭ এমএমসিএম গ্যাস সরবরাহ করা হলে নির্বাচিত উদ্যোক্তা প্রতিষ্ঠানের মাধ্যমে এলএনজি আকারে নদীপথে পরিবহনপূর্বক সরাসরি তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি-এর আওতাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহে সরবরাহের ক্ষেত্রে বর্তমানে এসজিসিএল এর ডিস্ট্রিবিউশন মার্জিন রয়েছে ০.১৫ টাকা/ঘনমিটার যা প্রস্তাবিত ট্যারিফ এ ০.২৪ টাকা/ঘনমিটার উন্নীত করা হলে কোম্পানির ডিস্ট্রিবিউশন মার্জিন বাবদ বার্ষিক আয় প্রস্তাব অনুমোদন পরবর্তী সময় হতে ২.৭৯ কোটি টাকা বৃদ্ধি পাবে এবং এসজিসিএল এর বিদ্যমান সার্ভিস চার্জ বাবদ প্রস্তাবিত ট্যারিফে কোন মার্জিন না থাকায় ট্যারিফ পরিবর্তনের ফলে সার্ভিস চার্জ বাবদ পরবর্তী অর্থবছরে কোন রেভিনিউ বৃদ্ধি পাবে না।

**সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)**
**(পেট্রোবাংলার একটি কোম্পানী)**
**২১৮, এম এ বারী সড়ক, সোনাডাঙ্গা, খুলনা-৯১০০।**

প্রবিধানমালা ৫(ট) অব্যবহিত বিগত ০৩(তিন) বৎসরের সিস্টেম লস (System Loss) এর বিবরণী:

| অর্থ বৎসর | গ্যাস ক্রয় (কিউবিক মিটার) | গ্যাস বিক্রয় (কিউবিক মিটার) | সিস্টেম লস/(গেইন) (কিউবিক মিটার) | সিস্টেম লস/(গেইন) এর শতকরা হার |
|---|---|---|---|---|
| ২০২২-২০২৩ | ৯০৭,৮৪৫,৬৭১.০০ | ৯১৫,৭২১,২৭৪.০০ | সিস্টেম লস নেই | -০.৮৭% |
| ২০২৩-২০২৪ | ৮৮৯,০১৮,৮২৩.০০ | ৯০০,৯৬২,১৭৪.০০ | সিস্টেম লস নেই | -১.৩৪% |
| ২০২৪-২০২৫ | ১০৬৪,৭২৬,৬১৯.০০ | ১০৭৭,৭১৪,৯৪১.০০ | সিস্টেম লস নেই | -১.২৪% |

**সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড (এসজিসিএল)**
**(পেট্রোবাংলার একটি কোম্পানী)**
**২১৮, এম এ বারী সড়ক, সোনাডাঙ্গা, খুলনা-৯১০০।**

প্রবিধানমালা ৫ (ঠ) সেবার বিস্তারিত শর্তাবলীসহ, আবেদনকারীর মতে প্রস্তাব মূল্যায়নে সহায়ক হইতে পারে এইরূপ অন্য যে কোন তথ্য:

উপরোক্ত বর্ণনা ও সংযুক্তির আলোকে প্রস্তাব মূল্যায়নে আর কোন প্রমাণক আপাত দৃষ্টিতে প্রয়োজন হইবে না মর্মে প্রতীয়মান হয়।

সংযুক্তি - ৩

# প্রাকৃতিক গ্যাসের মূল্যহার বন্টন বিবরণী (ভোলার নন -পাইপ গ্যাস)

(দৈনিক গড়ে ৩০ মিলিয়ন ঘনফুট গ্যাস সরবরাহ বিবেচনায়)

| ক্রমিক নং | গ্রাহকশ্রেণি | গ্যাস বিক্রয় (এমএমসিএম) | উৎপাদন চার্জ ** | | এনার্জি চার্জ | | গ্যাস উন্নয়ন তহবিল | | বিইআরসি গবেষণা তহবিল | | জ্বালানি নিরাপত্তা তহবিল | | ট্রান্সমিশন চার্জ | | এসবিডিএল এর ডিস্ট্রিবিউশন চার্জ | | ইউটিলিটি সিএনজি এর সার্ভিস চার্জ | | মূল্য সংযোজন কর | | ভোক্তা পর্যায়ে মূল্যহার * | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | টাকা/ ঘনমিটার | কোটি টাকা | টাকা/ ঘনমিটার | কোটি টাকা | টাকা/ ঘনমিটার | কোটি টাকা | টাকা/ ঘনমিটার | কোটি টাকা | টাকা/ ঘনমিটার | কোটি টাকা | টাকা/ঘনমিটার | কোটি টাকা | টাকা/ ঘনমিটার | কোটি টাকা | টাকা/ ঘনমিটার | কোটি টাকা | টাকা/ ঘনমিটার | কোটি টাকা | মূল্যহার (টাকা/ ঘনমিটার) | মোট রাজস্ব (কোটি টাকা) |
| ১ | ২ | ৩ | ৪ | [illegible] | ৬ | [illegible] | ৮ | [illegible] | ১০ | [illegible] | ১২ | [illegible] | ১৪ | [illegible] | ১৬ | [illegible] | ১৮ | [illegible] | ২০ | [illegible] | [illegible] | [illegible] |
| ১ | শিল্প/ক্যাপটিভ (ভোলার নন-পাইপ গ্যাস) | ৩১০.০৭ | ৪.১৭২৬ | ১২৯.৩৮ | ৮.৮২৪৮ | ২৭৩.৬৩ | ০.৪১ | ১২.৭১ | ০.০৩ | ০.৯৩ | ০.৪২ | ১৩.০২ | ১.০২ | ৩১.৬৩ | ০.২৪ | ৭.৪৪ | ০.১০০০ | ৩.১০ | ২.২৮২৬ | ৭০.৭৮ | ১৭.৫০ | ৫৪২.৬২ |
| মোট | | ৩১০.০৭ | ৪.১৭২৬ | ১২৯.৩৮ | ৮.৮২৪৮ | ২৭৩.৬৩ | ০.৪১ | ১২.৭১ | ০.০৩ | ০.৯৩ | ০.৪২ | ১৩.০২ | ১.০২ | ৩১.৬৩ | ০.২৪ | ৭.৪৪ | ০.১০ | ৩.১০ | ২.২৮২৬ | ৭০.৭৮ | ১৭.৫০ | ৫৪২.৬২ |

* ভোলার নন-পাইপ গ্যাস গ্রাহক উপশ্রেণির জন্য নির্ধারিত মূল্য ৪৭.৫০ টাকা/ঘনমিটার,ফিড গ্যাসের মূল্য ১৭.৫০ টাকা/ঘনমিটার, উদ্যোক্তা প্রতিষ্ঠানের চার্জ ২৯.৯০ টাকা/ঘনমিটার এবং ডিমান্ড চার্জ ০.১০ টাকা/ঘনমিটার।

**উৎপাদন চার্জের মধ্যে বাপেক্স এর ওয়েলহেড মার্জিন ৪.০০ টাকা/ঘনমিটার, পেট্রোবাংলার চার্জ ০.০৬৮৫ টাকা/ঘনমিটার এবং আরপিজিসিএল এর এলএনজি অপারেশনাল চার্জ ০.১০৪৫ টাকা/ঘনমিটার।

সংযুক্তি-০২

## ফিড গ্যাসের মূল্যের অন্তর্ভুক্ত বিভিন্ন চার্জের বন্টন বিবরণী

| ক্রমিক নং | গ্রাহক শ্রেণী | উৎপাদন চার্জ টাকা/সিএম * | এলএনজি চার্জ টাকা/সিএম | গ্যাস উন্নয়ন তহবিল টাকা/সিএম | বিইআরসি গবেষণা তহবিল টাকা/সিএম | জ্বালানি নিরাপত্তা তহবিল টাকা/সিএম | ট্রান্সমিশন চার্জ টাকা/সিএম | এসজিসিএল এর ডিস্ট্রিবিউশন মার্জিন টাকা/ঘনমিটার | তিতাস গ্যাস এর সার্ভিস চার্জ টাকা/ঘনমিটার | মূল্য সংযোজন কর টাকা/ঘনমিটার | ভোক্তা পর্যায়ে মূল্য হার টাকা/ঘনমিটার |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২=৩+৪+৫+৬+৭+৮+৯+১০+১১ |
| | শিল্প/ক্যাপটিভ ভোলা নন পাইপ গ্যাস | ৪.১৭২৬ | ৮.৮২৪৮ | ০.৪১০০ | ০.০৩০০ | ০.৪২০০ | ১.০২০০ | ০.১৪০০ | ০.১০০০ | ২.২৮২৬ | ১৭.৫০ |

*ভোলার নন-পাইপ গ্যাস গ্রাহক উপশ্রেণীর জন্য নির্ধারিত মূল্য ৪৭.৫০ টাকা/ঘনমিটার, ফিড গ্যাসের মূল্য ১৭.৫০ টাকা/ঘনমিটার, উদ্যোক্তা প্রতিষ্ঠানের চার্জ ২৯.৯০ টাকা/ঘনমিটার এবং ডিমান্ড চার্জ .১০ টাকা/ঘনমিটার

**উৎপাদন চার্জের মধ্যে বাপেক্স এর চুক্তিবদ্ধ মার্জিন ৪.০০ টাকা/ঘনমিটার, পেট্রোবাংলার চার্জ ০.০৬৮৩ টাকা/ঘনমিটার এবং আরপিজিসিএল এর এলএনজি অপারেশন চার্জ ০.১০৪৩ টাকা/ঘনমিটার